

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ১৪/২০১৯

তারিখঃ ২৮/০২/২০১৯ খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর সভাপতিত্বে চবক, বোর্ডরুমে Ease of Doing Business এর Trading Accross Border সূচকে কাস্টমস্ ও বন্দর এর দক্ষতা বৃদ্ধির মাধ্যমে ব্যবসায় পরিবেশ উন্নয়ন বিষয়ে ১১/০২/২০১৯ইং অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত সমূহ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

মোঃ মিজানুর রহমান
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিষয় : Ease of Doing Business এর Trading Accross Border সূচকে কাস্টমস্ ও বন্দর এর দক্ষতা বৃদ্ধির মাধ্যমে ব্যবসায় পরিবেশ উন্নয়ন বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সার্বিক আলোচনার পর নিম্নমতে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	বিষয়সমূহ	সিদ্ধান্তসমূহ	কার্যক্রম গ্রহণকারী/ বাস্তবায়নকারী/দপ্তর/সংস্থা
১।	শিপিং এজেন্টগণ কর্তৃক ২৪ x ৭ Delivery Order (DO) প্রদানের ব্যবস্থা গ্রহণ	কমিশনার অব কাস্টমস্, চট্টগ্রাম কর্তৃক ইতিপূর্বে রাত ১০:০০ টা পর্যন্ত Shipping Agent কর্তৃক DO প্রদানের জন্য যে সার্কুলার জারী করা হয়েছিল সে অনুসারে শিপিং এজেন্টগণ DO প্রদান করবে। কোন শিপিং এজেন্ট এর বিরুদ্ধে এ সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে লাইসেন্সিং নীতিমালা অনুযায়ী শুল্ক বিভাগ অভিযুক্ত এজেন্ট এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে। শুল্ক বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থার সাথে সমন্বয় করে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ উক্ত এজেন্ট এর বিরুদ্ধে ব্যবস্থা নিবে।	শিপিং এজেন্টস্ এসোসিয়েশন ও শুল্ক কর্তৃপক্ষ
২।	বিভিন্ন শিপিং এজেন্টগণ কর্তৃক বিভিন্ন নামে যেমন, Documentation/ Cleaning/জামানত/NOC/ ইত্যাদি বিভিন্ন ধরনের চার্জ আদায়	শিপিং এজেন্টগণের প্রযোজ্য চার্জের বিষয়ে ইতিপূর্বে জারীকৃত সার্কুলার বলবৎ থাকবে। কোন শিপিং এজেন্ট তা-না মানলে বা অতিরিক্ত চার্জ নিলে চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ কর্তৃক গঠিত কমিটি আলোচনা করে উক্ত এজেন্টের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য শুল্ক বিভাগ এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে তা অবহিত করবে। শুল্ক বিভাগ এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ লাইসেন্সিং বিধি অনুযায়ী উক্ত এজেন্টের বিরুদ্ধে ব্যবস্থা নিবে।	শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ ও শুল্ক কর্তৃপক্ষ
৩।	Off-Dock কর্তৃক অতিরিক্ত চার্জ আদায় এবং আমদানি কন্টেইনার পরিবহনে বিলম্ব/ আংশিক পরিবহনঃ	Off-Dock সমূহ ফ্রি টাইমের মধ্যে সকল আমদানী কন্টেইনার বন্দর হতে তাদের Off-Dock এ নিয়ে যাবে। কোন কারণে পার্ট কন্টেইনার নেওয়া হলে Off-Dock হতে পার্ট ডেলিভারী নেয়া যাবে। কোন Consignment এর কন্টেইনার Off-Dock এ নিতে বিলম্ব হলে Off-Dock নীতিমালা অনুযায়ী তার Common Landing Date নির্ধারিত হবে। Off-Dock একতরফা ভাবে কোন চার্জ বাড়াবে না। নীতিমালা এবং ট্যারিফ কমিটি কর্তৃক নির্ধারিত হারে তারা চার্জ আদায় করবে।	বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন
৪।	২৪ x ৭ ব্যাংক খোলা রাখা। বিশেষ করে বন্দর কাস্টমস্ ও আশ্রাবাদ এলাকায়ঃ	বাংলাদেশ ব্যাংক ইতিমধ্যে আশ্রাবাদ এলাকার এবং বন্দর ও কাস্টমস্ সংলগ্ন ব্যাংক গুলোকে প্রয়োজনীয় নির্দেশনা দিয়ে সার্কুলার জারী করেছে। ব্যাংক সমূহ উক্ত সার্কুলার অনুযায়ী ব্যাংক খোলা রাখবে। কোন ব্যাংক সার্কুলার অনুসরণ না করলে বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে।	বাংলাদেশ ব্যাংক

স্বাঃ/-

চেয়ারম্যান

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ-২০/০২/২০১৯ইং।

নং-ডিটি/শিপিং/Ease of Doing Business/১৮/৩৭৪২